KHABOR SOJASUJI

খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol- 4 ● Issue- 11 ● Bardhaman ● 15 November 2026 ● Rs. 2.00 (Four Pages)

খবর সোজাসুজি পত্রিকার অতিথি কলমের জন্য আপনিও লেখা পাঠাতে পারেন। বিবেচিত হলে অবশ্যই প্রকাশিত হবে। হোয়াটস অ্যাপ - ০৯৪৩৪৫ ৬৬৪৯৮

এক নজরে

● খবর সোজাসুজি'র উদ্যোগে শুরু হয়েছে অনলাইন সেলফি,সঙ্গীত, নৃত্য,আবৃত্তি,হাতের লেখা ও রিলস প্রতিযোগিতা, চলবে ৬ ডিসেম্বর পর্যন্ত।হোয়াটস অ্যাপ নম্বর - ০৯৪৩৪৫ ৬৬৪৯৮

● আলুর ফি বন্ডের দাম প্রতি কুইন্টাল ১১২০ টাকার নিচে নামলে চাষিদের ভর্তুকি দেবার কথা ঘোষণা করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● ২০২৭ সালে হিমঘরে আলুর দাম ফি বন্ড ৫৬০ টাকার নিচে নামলে চাষিদের ভর্তুকি দেবার কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। কিন্তু জ্যোতি,চন্দ্রমুখী,কলম্বো, পোখরাজ - কোন্ আলুর দামের কথা তিনি বলতে চেয়েছেন তা এখনও স্পষ্ট নয়। বিষয়টি দ্রুত স্পষ্ট করুক প্রশাসন,চাইছেন সাধারণ মানুষজন।

● ''এটা একটা ভাঁওতা। কানা'কে বুড়ো আঙুল দেখানোর মতো ব্যাপার। মমতা যা করেছেন চাষিদের জন্য,উনি তো মমতার পথেই চলছেন। আশা কিছু নেই। চাষিরা হতাশ'', আলু'তে ভর্তুকি প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর ঘোষণার পরিপ্রেক্ষিতে বিস্ফোরক মন্তব্য করলেন ধনেখালির ধামাইটিকরের অবসরপ্রাপ্ত অধ্যাপক চাষি বন্ধু চন্ডী সাধন কোলে।

● ''মানুষের ধৈর্য খুব কম,এক বছর পর এই সরকারের কাজকর্ম নিয়ে সবাই পোস্টমর্টেম শুরু করে দেবে,তাই কাজ করুন'', দলীয় কর্মীদের বার্তা দিলেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ।

● সোনা কেনার সময় বিজ্ঞাপনী চমকে বিভ্রান্ত হবেন না। কেউ বলছে

(এরপর চারের পাতায়)

আবাস যোজনার ভুয়ো উপভোক্তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থার হুঁশিয়ারি মুখ্যমন্ত্রীর

অরিজিত চক্রবর্তী - পশ্চিমবঙ্গ আবাস যোজনার আওতায় দ্বিতীয় কিস্তির অর্থ বিতরণের পাশাপাশি ভুয়ো উপভোক্তাদের বিরুদ্ধে কড়া অবস্থান নিল রাজ্য সরকার।শুক্রবার নবান্ন সভাঘর থেকে ৭ লক্ষ ১৭১ জন উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে দ্বিতীয় কিস্তির ৬০ হাজার টাকা করে পাঠানোর সূচনা করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেন,যাঁরা নিয়ম বহির্ভূতভাবে আবাস যোজনার টাকা পেয়েছেন, তাঁদের ৩০ নভেম্বরের মধ্যে সেই অর্থ ফেরত দিতেই হবে। অন্যথায় আইনি পদক্ষেপ করা হবে।একই সঙ্গে ভেরিফিকেশনে চিহ্নিত ৫৭ হাজার ভুয়ো উপভোক্তার বিরুদ্ধে সিআইডি তদন্ত পর্যন্ত হতে পারে বলেও ইঙ্গিত



(এরপর দুয়ের পাতায়)



হুগলির পুরশুড়া থেকে ''মুখ্যমন্ত্রী কৃষক সম্মান নিধি'' প্রকল্পের শুভ সূচনা করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।



এসআইআর বাতিল,জ্ঞানেশ কুমারের অপসারণ এবং সকল নাগরিকদের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ার দাবিতে সিপিআই(এমএল) লিবারেশনের উদ্যোগে কলকাতায় নির্বাচন কমিশন দপ্তর অভিযান ।

সিভিক ভলান্টিয়ার নির্ভরতার বদলে পুলিশের বিট অফিসারদের হাতে আধুনিকপ্রযুক্তি দেবার বার্তা মুখ্যমন্ত্রীর

অরিজিত চক্রবর্তী - রাজ্যে পুলিশি পরিষেবাকে আরও জনমুখী, প্রযুক্তিনির্ভর করে তুলতে নতুন উদ্যোগ নিল রাজ্য সরকার। নবান্ন সভাঘরে শুক্রবার ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (বিপিআরঅ্যান্ডডি)-র সঙ্গে একটি সমঝোতা পত্রে স্বাক্ষর এবং 'পুলিশ মিত্র' অ্যাপের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়ে দেন,বিট পুলিশিংয়ের মতো গুরুত্বপূর্ণ দায়িত্বে সিভিক ভলান্টিয়ারের উপর নির্ভর করা যাবে না। বিট অফিসারদের হাতে আধুনিক ই-সরঞ্জাম তুলে দেওয়া,

(এরপর দুয়ের পাতায়)

অবৈধ পোস্ত চাষ রুখতে মেজিয়ায় ডিআইজি-র পরিদর্শন,সমন্বিত অভিযানের প্রস্তুতি পুলিশের

নিজস্ব সংবাদদাতা - অবৈধ পোস্তচাষের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বিশেষ উদ্যোগ নিল বাঁকুড়া জেলা পুলিশ। প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ দেন ডিআইজি। পাশাপাশি বাঁকুড়া জেলা পুলিশ ও আবগারি দপ্তরের মধ্যে সমন্বয়



মেজিয়া থানার অন্তর্গত মানা চর এলাকায় অবৈধ পোস্ত চাষ প্রতিরোধের পরিস্থিতি খতিয়ে দেখতে পরিদর্শনে যান বাঁকুড়া রেঞ্জের ডিআইজি অভিষেক মোদী। পরিদর্শনকালে পুলিশ দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকদের পাশাপাশি আবগারি দপ্তরের আধিকারিকরাও উপস্থিত ছিলেন।এলাকায় যাতে কোনওভাবেই অবৈধ পোস্ত চাষ গড়ে উঠতে না পারে, সে বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের আরও জোরদার করে কীভাবে এই অবৈধ চাষ সম্পূর্ণভাবে প্রতিরোধ করা যায়,তা নিয়েও বিস্তারিত আলোচনা হয়।অবৈধ পোস্ত চাষের বিরুদ্ধে নজরদারি জোরদার করার পাশাপাশি প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণে তৎপর রয়েছে বাঁকুড়া জেলা পুলিশ।আগামী দিনেও এই ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

হরিপালে পুলিশের বড়সড় মাদকবিরোধী অভিযান,বিপুল পরিমাণ গাঁজা সহ গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা - হুগলির হরিপালে মাদকবিরোধী অভিযানে স্পেশাল অপারেশন গ্রুপের (এসওজি) যৌথ অভিযানে নালিকুল



বড় সড় সাফল্য পেল পুলিশ।হরিপাল থানার পুলিশ ও এলাকায় একটি বাড়ি থেকে উদ্ধার

(এরপর দুয়ের পাতায়)

খবর সোজাসুজি

Volume-4 ● Issue- 11 ● 15 November, 2026

ভোটের প্রতিশ্রুতি

ভোটের আগে প্রতিশ্রুতির বন্যা বইতে শুরু করে। মানুষকে সুখে রাখার আশ্বাস দিতে কোনও রাজনৈতিক দলই পিছিয়ে থাকে না। ক্ষমতায় এলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান কতটা উন্নত হবে,কীভাবে কমবে সংসারের খরচ - এসব নিয়েই চলে রাজনৈতিক দলগুলির মধ্যে প্রতিশ্রুতি দেওয়ার প্রতিযোগিতা। ছাব্বিশের বিধানসভা নির্বাচনের আগেও তার ব্যতিক্রম হয়নি। তৃণমূল, বিজেপি,কংগ্রেস,সিপিএম সহ বিভিন্ন রাজনৈতিক দল একের পর এক প্রতিশ্রুতি দিয়েছিল।বিজেপির অন্যতম প্রতিশ্রুতি ছিল, রাজ্যে ক্ষমতায় এলে ৪৫০ টাকায় রান্নার গ্যাস,২০০ ইউনিট বিনামূল্যে বিদ্যুৎ এবং মহিলাদের মাসে ৩,০০০ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে। নির্বাচনে বিজেপির পক্ষে রায় দিয়েছেন রাজ্যের মানুষ।রাজ্যে ক্ষমতায় এসেছে বিজেপি। অন্নপূর্ণা যোজনা চালু হলেও এখনও অনেক যোগ্য মহিলা টাকা পাননি বলে অভিযোগ। অন্যদিকে,৪৫০ টাকায় রান্নার গ্যাস এবং ২০০ ইউনিট বিনামূল্যে বিদ্যুৎ দেওয়ার প্রতিশ্রুতি কবে বাস্তবায়িত হবে,সেই প্রশ্নও উঠতে শুরু করেছে। এদিকে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম ক্রমশ ঊর্ধ্বমুখী। চাল,ডাল,তেল থেকে শুরু করে প্রতিদিনের সংসার চালানোর প্রায় প্রতিটি ক্ষেত্রেই বাড়ছে খরচ। ফলে সাধারণ মানুষের সংসার চালাতে রীতিমতো নাভিশ্বাস উঠছে। ডবল ইঞ্জিন সরকারের আমলে সাধারণ মানুষের প্রত্যাশা ছিল,অন্তত নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে কিছু কার্যকর পদক্ষেপ দেখা যাবে।কিন্তু বাস্তবে সেই প্রত্যাশা কতটা পূরণ হচ্ছে ? নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমার পরিবর্তে বেড়েই চলেছে। অথচ মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সরকারের কার্যকর উদ্যোগ কোথায় ? নির্বাচনের আগে প্রতিশ্রুতি দেওয়া যতটা সহজ,ক্ষমতায় আসার পর তা বাস্তবায়ন করাই আসল পরীক্ষা। সাধারণ মানুষ শুধু প্রতিশ্রুতি শুনতে চায় না,তার বাস্তব প্রতিফলনও দেখতে চায়। তাই ডবল ইঞ্জিন সরকারের কাছে মানুষের প্রশ্ন, ভোটের আগে দেওয়া প্রতিশ্রুতির বাস্তবায়ন কোথায় ? আর লাগামছাড়া মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সরকারের পদক্ষেপই বা কোথায় ?

ইঞ্জিন ভ্যান

সিদ্ধেশ্বর দত্ত

আজকের শিরোনামে ইঞ্জিন ভ্যান-টি
প্রশাসন দয়া করে যদি দেন ধ্যানটি,
বেপরোয়া গতি নিয়ে ছুটে চলে রাস্তায়
ধাক্কায় পরিণত হবে দেহ খাস্তায় !
বিষময় কালো ধোঁয়া ছেড়ে চলে অবিরাম
শয়তান ভ্যান তার ভালোবেসে দেওয়া নাম!
দূষণের মাপকাঠি ? যত দোষ দাও তা'য় -
পড়বে না পড়বে না এসবের আওতায় !
নথি নাকি লাগে নাকো গাড়ি আর চালকের
বাধা নেই চালাতে খুশি মতো বালকের !
জ্বলে নাকো আলো রাতে অভিযোগ গুচ্ছ,
নিয়মের বেড়াজাল তার কাছে তুচ্ছ !
তবুও সে ভরসার সবকিছু বহনে
কিবা শীত বর্ষায় গ্রীষ্মের দহনে।
কেহ নাহি চাহে তার গতি হোক রুদ্ধ
বৈধতা দান করে করা হোক শুদ্ধ।
বিনীত এ নিবেদন, বিধি দ্বারা নথিতে
ইঞ্জিন ভ্যান যেন চলে তার গতিতে।

হরিপালে পুলিশের

(প্রথম পাতার পর)

হল ২৩.৬৪৮ কেজি গাঁজা।গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে চালানো এই অভিযানে মাদক উদ্ধারের পাশাপাশি ঘটনায় জড়িত সন্দেহে দু'জনকে গ্রেফতার করা হয়।ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আজ আদালতে পেশ কর হয়।মাদক পাচার ও কারবারের বিরুদ্ধে লাগাতার অভিযান চালানোর পাশাপাশি মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে পুলিশ প্রশাসন যে কঠোর অবস্থান নিয়েছে,এই অভিযান তারই ইঙ্গিত দিচ্ছে।

কোনো ওষুধ ছাড়াই রক্তে গ্লুকোজ নিয়ন্ত্রণে রাখার উপায়

বিশ্ব রঞ্জন গোস্বামী

আজ ডায়াবেটিস এবং স্থূলতায় আক্রান্ত কোটি কোটি মানুষ তাদের রক্তে শর্করা বা গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণে ওষুধের উপর নির্ভর করে।এই ওষুধগুলো তাদের সারাজীবন ধরে গ্রহণ করতে হয় এবং এর ফলে মারাত্মক পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে। কিন্তু এই ২৩ শে অক্টোবর,২০২৬ তারিখে 'সায়েন্স' জার্নালে প্রকাশিত এক গবেষণায় জানা যায় কোনো ওষুধ ছাড়াই স্বয়ংক্রিয়ভাবে গ্লুকোজ নিয়ন্ত্রণে রাখা সম্ভব। গবেষণার প্রধান বিজ্ঞানী মার্টিন ফুসেনেগার 'সায়েন্টিফিক আমেরিকান' কে এক সাক্ষাতকারে জানান তারা রক্তে গ্লুকোজ নিয়ন্ত্রণে রাখার একদম নতুন এক পদ্ধতি নিয়ে গবেষণার কাজ শুরু করেন। বিজ্ঞানীরা পরীক্ষামূলকভাবে ইঁদুরের উপর প্রয়োগ করেন। এই পদ্ধতি হবে সম্পূর্ণ ওষুধ বা ইঞ্জেকশন মুক্ত। তাই তথাকথিত ওষুধের পরিবর্তে তারা তড়িৎ- রাসায়নিক বা ইলেক্ট্রোকেমিস্ট্রির দিকে ঝুঁকেছেন। এক্ষেত্রে রাসায়নিক বিক্রিয়া চালনা করতে বিদ্যুৎ ব্যবহার করা হয়। তারা একটি ইমপ্লান্ট ডিজাইন করেছেন যার নাম দেওয়া হয়েছে ইলেক্ট্রোক্যাটালিটিক ক্লোজড-লুপ হেলথ অপটিমাইজেশন বা ECHO।এটি হলো এমন এক আধুনিক প্রযুক্তি নির্ভর স্বাস্থ ব্যবস্থপনা। এই পদ্ধতি সফল হলে ডায়াবেটিস রোগীদের জন্য হবে এক বিপ্লব। প্ল্যাটিনাম-সজ্জিত সোনার ন্যানোক্লাস্টার দ্বারা খচিত বিদ্যুৎ-পরিবাহী গ্রাফাইট দিয়ে তৈরি। যখন ব্যবস্থাটিতে বা ডিভাইসটিতে বিদ্যুৎ সরবরাহ করা হয়, তখন এই ধাতুগুলো বেছে বেছে গ্লুকোজকে গ্লুকোনেটে জারিত করার বিক্রিয়ায় অনুঘটকের কাজ করে। পরে যা কিডনির মাধ্যমে রক্ত থেকে পরিস্রুত হয়ে যায়। গবেষকেরা জানান ''যেহেতু বৈদ্যুতিক উদ্দীপনা নিখুঁতভাবে নিয়ন্ত্রণ করা যায়, তাই গ্লুকোজ সরানোর হারও নিখুঁতভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব,'' যখন তারা ECHO-কে এমন একটি গ্লুকোজ মনিটরের সাথে যুক্ত করেছিল যা গ্লুকোজের মাত্রা একটি নির্দিষ্ট সীমার উপরে উঠলেই চালু হয়ে যেত আর ঠিক তখনই এটি ইঁদুরগুলোর রক্তের গ্লুকোজের মাত্রা ৬ সপ্তাহ ধরে স্থিতিশীল রাখতে পেরেছিল।এই বিষয়ে বিশেষজ্ঞ উইলিয়াম বেন্টলি এবং গ্রেগরি পেইন জানান ''মানুষের উপর এই পদ্ধতির প্রয়োগ বাড়াতে হলে, আরও বেশি রক্তের পরিমাণ সামাল দেওয়া এবং বিভিন্ন রোগ প্রতিরোধ ও বিপাকীয় পরিবেশে স্থিতিশীলতা নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করতে হবে।'' তবুও,বর্তমান বিকল্পগুলোর তুলনায় এই ধারণাটির বেশ কিছু সুবিধা রয়েছে।যার মধ্যে অন্যতম হলো এটি ঔষধমুক্ত এবং অ্যাপের সাথে সংযোগ স্থাপনের সম্ভাবনা। আর ভবিষ্যতের ডিভাইসগুলো বিভিন্ন ধরনের শারীরিক অবস্থা ব্যবস্থাপনার জন্য অন্যান্য জৈব-অণুগুলোকেও লক্ষ্যবস্তু করতে পারে।

আবাস যোজনার ভুয়ো উপভোক্তাদের বিরুদ্ধে

(প্রথম পাতার পর)


দেন তিনি।মুখ্যমন্ত্রীর দাবি,নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরে ইতিমধ্যেই ১০ লক্ষ ২০ হাজারেরও বেশি উপভোক্তাকে দ্বিতীয় কিস্তির অর্থ দেওয়া হয়েছিল।এ দিন আরও ৭ লক্ষ ১৭১ জনের হাতে পৌঁছল প্রায় ৪২০১ কোটি টাকা।এর ফলে মোট ১৭ লক্ষেরও বেশি উপভোক্তা দ্বিতীয় কিস্তির সুবিধা পেলেন।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, সাম্প্রতিক যাচাই প্রক্রিয়ায় ৫৭ হাজার ভুয়ো সুবিধাভোগীর সন্ধান মিলেছে।এ ছাড়া প্রায় ১২ হাজার এমন ব্যক্তি চিহ্নিত হয়েছেন,যাঁরা প্রকৃত উপভোক্তা না হয়েও প্রথম কিস্তির অর্থ পেয়েছেন।তাঁদের মধ্যে এক হাজার জন ইতিমধ্যেই টাকা ফেরত দিয়েছেন।বাকি ১১ হাজার জনকে ৩০ নভেম্বরের মধ্যে অর্থ ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি।মুখ্যমন্ত্রীর কথায়, ''জনগণের টাকা কোনও অযোগ্য ব্যক্তির কাছে থাকতে দেওয়া হবে না।নির্ধারিত সময়ের মধ্যে টাকা ফেরত না দিলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।'' শুধু উপভোক্তাদের বিরুদ্ধেই নয়, কীভাবে ভুয়ো প্রাপকদের নামে সরকারি অর্থ পৌঁছল, তা-ও খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।প্রয়োজনে সংশ্লিষ্ট সরকারি আধিকারিকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।প্রয়োজন হলে সিআইডি তদন্তের নির্দেশও দেওয়া হতে পারে বলে তিনি জানান।তাঁর বক্তব্য,সরকারের লক্ষ্য সর্বস্তরে দুর্নীতি ও আর্থিক 'লিকেজ' বন্ধ করে প্রকৃত উপভোক্তার হাতে সরকারি সুবিধা পৌঁছে দেওয়া।মুখ্যমন্ত্রী জানান, আবাস যোজনার উপভোক্তাদের জন্য আরও কিছু সুবিধার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যাঁদের বৈধ জব কার্ড রয়েছে, তাঁরা 'বিকশিত ভারত জি রামজি' প্রকল্পের আওতায় সর্বাধিক ৯০ দিনের শ্রমদিবসের মজুরি পাবেন।পাশাপাশি স্বচ্ছ ভারত মিশনের আওতায় শৌচালয় নির্মাণের জন্য ১২ হাজার টাকার আর্থিক সহায়তাও দেওয়া হবে।আবাস নির্মাণের খরচ কমাতে জেলা প্রশাসনকে বালির দাম নিয়ন্ত্রণে রাখার নির্দেশও দেন মুখ্যমন্ত্রী।তাঁর বক্তব্য, পশ্চিমবঙ্গ আবাস যোজনা ও প্রধানমন্ত্রী আবাস যোজনার উপভোক্তাদের জন্য বালির দাম যাতে ১২০০ টাকার বেশি না হয়, তা নিশ্চিত করতে হবে জেলাশাসকদের।কারণ নির্মাণসামগ্রীর মূল্যবৃদ্ধির ফলে সীমিত অর্থে বাড়ি নির্মাণ সম্পূর্ণ করা অনেকের পক্ষেই কঠিন হয়ে পড়ছে।এ দিন আবাস যোজনার উপভোক্তাদের প্রধানমন্ত্রী সূর্য ঘর প্রকল্পের সঙ্গে যুক্ত হওয়ারও আহ্বান জানান শুভেন্দু অধিকারী।তাঁর দাবি, সোলার প্যানেল বসালে একদিকে যেমন বিদ্যুতের বিলের চাপ কমবে,অন্যদিকে কেন্দ্রের ভর্তুকির সুবিধাও মিলবে।তফসিলি জাতি ও উপজাতি পরিবারের জন্য রাজ্য অতিরিক্ত ১৫ হাজার টাকা সহায়তা দেবে বলেও ঘোষণা করেন তিনি।পঞ্চায়েত ব্যবস্থার প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী বলেন,গ্রামীণ উন্নয়নের কাজ আরও দ্রুত এগিয়ে নিতে প্রায় আট হাজার নতুন কর্মী নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে।পাশাপাশি প্রয়োজনীয় সুপারভাইজার নিয়োগের প্রক্রিয়াও দ্রুত শেষ করার নির্দেশ দেন তিনি।তাঁর অভিযোগ,এখনও কিছু পঞ্চায়েত প্রধান অসহযোগিতার মনোভাব দেখাচ্ছেন।তবে প্রশাসনিক কাজে তার প্রভাব পড়তে দেওয়া হবে না বলেও স্পষ্ট করেন মুখ্যমন্ত্রী।

সিভিক ভলান্টিয়ার নির্ভরতার বদলে পুলিশের বিট

(প্রথম পাতার পর)

নির্দিষ্ট রিপোর্টিং ব্যবস্থা গড়ে তোলা এবং সাধারণ মানুষের সঙ্গে তাঁদের সরাসরি যোগাযোগ নিশ্চিত করার উপর জোর দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, এই উদ্যোগের প্রকৃত সাফল্য নির্ভর করবে মাঠ পর্যায়ে কার্যকর বাস্তবায়নের উপর।তাঁর কথায়,রাজ্যে পুলিশ কর্মীর ঘাটতি এখনও বড় চ্যালেঞ্জ।বর্তমানে প্রায় এক লক্ষ পাঁচ হাজার পুলিশ কর্মী থাকলেও জাতীয় গড় তার চেয়ে অনেক বেশি। নিয়োগ প্রক্রিয়া চলছে ঠিকই, কিন্তু প্রশিক্ষণ ও অন্যান্য কারণে নতুন কর্মীদের কাজে যোগ দিতে সময় লাগবে। সেই পরিস্থিতিতে বিট অফিসারদের প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা দেওয়া জরুরি বলে মত তাঁর। তিনি নির্দেশ দেন,দায়িত্বপ্রাপ্ত বিট অফিসারদের হাতে উন্নত মানের ট্যাব, ল্যাপটপ,প্রিন্টার, নির্দিষ্ট মোবাইল ফোন এবং অন্যান্য প্রয়োজনীয় ই-সরঞ্জাম তুলে দিতে হবে। পাশাপাশি তাঁদের সফর,জনসংযোগ এবং কাজের প্রতিটি ধাপের নথিবদ্ধকরণ ও ভিডিও রেকর্ডিংয়ের ব্যবস্থাও রাখতে হবে। কোন্ আধিকারিক কাকে রিপোর্ট করবেন, সেই প্রশাসনিক কাঠামোও স্পষ্ট করার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। 'পুলিশ মিত্র' অ্যাপের প্রসঙ্গ তুলে মুখ্যমন্ত্রী বলেন, শুধু প্রশাসনের মধ্যে তথ্য সীমাবদ্ধ রাখলে চলবে না। সাধারণ মানুষকে জানাতে হবে তাঁদের এলাকায় দায়িত্বপ্রাপ্ত বিট অফিসারকে,তাঁর মোবাইল নম্বর কী এবং কীভাবে তাঁর সঙ্গে যোগাযোগ করা যাবে। মানুষের অংশগ্রহণ ছাড়া এই উদ্যোগের পূর্ণ সাফল্য সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক এবং বিপিআরঅ্যান্ডডি-র ভূমিকার প্রশংসা করে বলেন,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দিকনির্দেশনায় এই উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। তিনি জানান,পশ্চিমবঙ্গ সরকার এখন কেন্দ্রের সঙ্গে সমন্বয় রেখে আইনশৃঙ্খলা,নারী ও শিশু সুরক্ষা,পকসো মামলা,মাদকবিরোধী অভিযান সহ বিভিন্ন ক্ষেত্রে তথ্য আদানপ্রদান ও যৌথভাবে কাজ করছে। সীমান্তবর্তী রাজ্য হিসেবে পশ্চিমবঙ্গের বিশেষ দায়িত্বের কথাও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। তিনি জানান,১১টি সীমান্ত জেলার প্রশাসন ও পুলিশ ইতিমধ্যেই বিএসএফ এবং অন্যান্য কেন্দ্রীয় সংস্থার সঙ্গে নিয়মিত সমন্বয় বৈঠক করছে।পাশাপাশি নতুন ও কর্মরত পুলিশ কর্মীদের প্রশিক্ষণের জন্য গুজরাতের রক্ষা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা শংসাপত্রও স্বাক্ষর করেছে রাজ্য সরকার। তবে পশ্চিমবঙ্গে সরকার পরিবর্তনের পর এই প্রকল্পের বাস্তবায়ন শুরু হওয়ায় অন্যান্য রাজ্যের তুলনায় কিছুটা সময়ের ব্যবধান তৈরি হয়েছে বলে দাবি করেন মুখ্যমন্ত্রী। সেই কারণেই কেন্দ্রের কাছে সমঝোতা শংসাপত্র বাস্তবায়নের নির্ধারিত সময়সীমা তিন মাস বাড়ানোর আবেদন জানিয়েছেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল,স্বরাষ্ট্রসচিব সংঘমিত্রা ঘোষ,রাজ্য পুলিশের মহাপরিচালক সিদ্ধিনাথ গুপ্ত,এডিজি (আইনশৃঙ্খলা) অজয় রানাডে,বিপিআরঅ্যান্ডডি-র মহাপরিচালক অলোক মিত্তাল সহ কেন্দ্র ও রাজ্যের শীর্ষ প্রশাসনিক ও পুলিশ আধিকারিকেরা। প্রশ্নোত্তর পর্বে মুখ্যমন্ত্রী জানান,বিট পুলিশিংয়ের এই মডেল দেশের অন্যান্য রাজ্যে যেভাবে কার্যকর হয়েছে, পশ্চিমবঙ্গেও একইভাবে তা বাস্তবায়িত হবে। তবে রাজ্যের বাস্তব পরিস্থিতির কথা বিবেচনা করে বাস্তবায়নের জন্য অতিরিক্ত তিন মাস সময় দেওয়ার অনুরোধ কেন্দ্রের কাছে করা হয়েছে।

মহারাষ্ট্রের হরিশ্চন্দ্রগড় দুর্গের কেদারেশ্বর গুহা মন্দির



নিজস্ব সংবাদদাতা - মহারাষ্ট্রের আহমেদনগর জেলার হরিশ্চন্দ্রগড় দুর্গের অন্যতম বিস্ময়কর আকর্ষণ হল প্রাচীন কেদারেশ্বর গুহা মন্দির। পাহাড়ের পাথর কেটে তৈরি এই গুহামন্দিরের ভিতরে রয়েছে বিশালাকার শিবলিঙ্গ। মন্দিরটির বিশেষত্ব হল,শিবলিঙ্গটি চারটি পাথরের স্তম্ভ দিয়ে ঘেরা ছিল বলে জানা যায়। বর্তমানে তিনটি স্তম্ভ ভেঙে গিয়েছে,একটি স্তম্ভ এখনও দাঁড়িয়ে রয়েছে।স্থানীয় বিশ্বাস অনুযায়ী,চারটি স্তম্ভ সত্যযুগ,ত্রেতাযুগ, দ্বাপরযুগ ও কলিযুগের প্রতীক। তিনটি স্তম্ভ ভেঙে যাওয়াকে তিন যুগের অবসানের প্রতীক হিসেবে দেখা হয়। শেষ স্তম্ভটিও ভেঙে পড়লে কলিযুগের অবসান ঘটবে,এমনই প্রচলিত জনশ্রুতি। গুহা ও মন্দিরের স্থাপত্যশৈলী বিচার করে এগুলিকে মোটামুটি দশম থেকে ত্রয়োদশ শতকের মধ্যযুগীয় নিদর্শন বলে মনে করা হয়।

কালিয়াচকে পুলিশের অভিযানে উদ্ধার কাঁচা আফিম,গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা - মালদহের কালিয়াচক থানার পুলিশের অভিযানে উদ্ধার হল ১ কেজি ৯৫৬ গ্রাম কাঁচা আফিম।পুলিশ সূত্রে জানা গেছে,গত ১১ নভেম্বর ২০২৬ তারিখে গোপন সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে কালিয়াচক থানার পুলিশ জালালপুরের নিচেরকান্দি এলাকায় অভিযান চালায়।ওই এলাকায় একটি চারচাকা গাড়ি থেকে ১ কেজি ৯৫৬ গ্রাম কাঁচা আফিম উদ্ধার করে বাজেয়াপ্ত করা হয়।এই ঘটনায় আব্দুল মাজিদ (২৩) এবং রফিকুল ইসলাম (২৭) নামে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।প্রাথমিক তদন্তে এই মাদক কারবারের সঙ্গে আরও কয়েকজনের জড়িত থাকার তথ্য উঠে এসেছে।ঘটনার সঙ্গে জড়িত অন্যদের সন্ধানে তদন্ত শুরু করেছে পুলিশ।ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত প্রক্রিয়া চলছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।



মিষ্টির দোকান ও খাদ্য স্টলে বাঁকুড়া জেলা পুলিশের স্বাস্থ্যবিধি অভিযান

নিজস্ব সংবাদদাতা - খাদ্য সুরক্ষা ও জনস্বাস্থ্য বজায় রাখতে বাঁকুড়া জেলা পুলিশের উদ্যোগে মিষ্টির দোকানে বিশেষ পরিদর্শন অভিযান চালানো হল।গত মঙ্গলবার বাঁকুড়া থানার অন্তর্গত বিভিন্ন মিষ্টির দোকান ও খাদ্য স্টল পরিদর্শন করেন প্রশাসনিক আধিকারিকরা।বাঁকুড়া জেলা পুলিশের DEB টিম ,FSO Bankura এবং বাঁকুড়া থানার যৌথ উদ্যোগে এই অভিযান পরিচালিত হয়।গোটা অভিযানের তত্ত্বাবধানে ছিলেন Dy. CMOH-II, Bankura পরিদর্শনকালে বিভিন্ন দোকানের পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি, খাদ্যসামগ্রীর গুণমান এবং খাবার তৈরির ও পরিবেশনের পরিবেশ খতিয়ে দেখা হয়। নির্ধারিত স্বাস্থ্যবিধি ও পরিচ্ছন্নতার মান বজায় রাখতে ব্যর্থ কয়েকজন দোকান মালিককে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার পাশাপাশি নোটিশও প্রদান করা হয়।এছাড়া Dy. Dy. CMOH-II-এর নির্দেশে কিছু অস্বাস্থ্যকর খাদ্যসামগ্রী নষ্ট করে ফেলা হয়।সাধারণ মানুষের কাছে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত খাবার পৌঁছে দেওয়া এবং জনস্বাস্থ্য সুরক্ষিত রাখার লক্ষ্যেই এই বিশেষ উদ্যোগ। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে,খাদ্য সুরক্ষা ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে আগামী দিনেও এ ধরনের নজরদারি ও পরিদর্শন অভিযান অব্যাহত থাকবে





ধনেখালি ব্লকের গুড়াপ থানার গুড়াবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত খানপুর জৌগ্রাম মোড় এলাকায় নেই কোনও ব্যবহারযোগ্য পাবলিক টয়লেট,অভিযোগ। অগত্যা খানপুর প্রাথমিক বিদ্যালয়ের গেটের সামনেই অনেকে প্রস্রাব করছেন বলে অভিযোগ। দুর্গন্ধে ম ম করছে এলাকা। স্কুলের সামনে প্রস্রাব করা বন্ধ করতে পদক্ষেপ গ্রহণ করুক প্রশাসন, জৌগ্রাম মোড় এলাকায় গড়ে তুলুক স্বাস্থ্য সম্মত শৌচাগার,চাইছেন এলাকার মানুষজন।

ওন্দায় পুলিশের অভিযানে সাড়ে ৬ কেজি গাঁজা উদ্ধার,গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা - গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বড়সড় সাফল্য পেল ওন্দা থানার পুলিশ। সম্প্রতি বাঁকুড়ার ওন্দা থানার অন্তর্গত বালিগুমা রোড এলাকায় বিশেষ অভিযান চালিয়ে এক মোটরবাইক আরোহীকে আটক করে পুলিশ। এরপর তাঁকে তল্লাশি চালাতেই উদ্ধার হয় মোট ৬.৩৫০ কেজি গাঁজা।পুলিশ সূত্রে জানা গেছে,উদ্ধার হওয়া মাদকদ্রব্য আইনানুগ প্রক্রিয়া মেনে বাজেয়াপ্ত করা হয়েছে। এই ঘটনায় এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করেছে ওন্দা থানার পুলিশ। মাদক পাচারের সঙ্গে আর কেউ জড়িত রয়েছে কি না,তা পুলিশ খতিয়ে দেখছে বলে জানা গেছে।



বলাগড়ে পুলিশের বড়সড় সাফল্য,গাড়ি থেকে উদ্ধার ৫২ কেজিরও বেশি গাঁজা,গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা - গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করল হুগলি গ্রামীণ জেলা পুলিশ।ঘটনায় গ্রেফতার করা হয়েছে দুই ব্যক্তিকে।পুলিশ সূত্রে জানা গেছে,গত ৩০ অক্টোবর ২০২৬ তারিখে বলাগড় থানার অন্তর্গত ডুমুরদহ বাসস্ট্যান্ডে একটি নীল রঙের হুন্ডাই আই-১০ গাড়ি আটক করে পুলিশ। গাড়িটির নম্বর WB06 5668। এরপর গাড়িতে তল্লাশি চালিয়ে মোট ৫২.১১ কেজি গাঁজা উদ্ধার ও বাজেয়াপ্ত করা হয়। এই ঘটনায় গাড়িতে থাকা দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।ধৃতদের বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা রুজু করে আদালতে পেশ করা হয়।তদন্তের স্বার্থে ধৃতদের ১৪ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়েছে পুলিশ।মাদক পাচারের বিরুদ্ধে লাগাতার অভিযান চালিয়ে যাচ্ছে হুগলি গ্রামীণ জেলা পুলিশ।মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে এই অভিযান অব্যাহত থাকবে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।



KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806



হুগলি গ্রামীণ পুলিশের পুরশুড়া থানার নতুন ভবনের শুভ উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।



কচুরী পানায় ভরেছে কানানদী।বাড়ছে জল দূষণ,বাড়ছে মশা উপদ্রব,রুদ্ধ হচ্ছে নদীর স্বাভাবিক গতি।নদীকে বাঁচাতে এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে চাই কচুরিপানা মুক্ত নদী,জনগণের সচেতনতার পাশাপাশি চাই সরকারি উদ্যোগ। ধনেখালি ব্লকের খানপুর এলাকা থেকে তোলা ছবি।



শিবাইচন্ডী বাপী স্পোর্টিং ক্লাবের পরিচালনায় শিবাইচন্ডী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শনিবার অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির ও বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির।



ধনেখালির সালালপুর যুব সংঘের কালীপুজোর শুভ উদ্বোধন করলেন ধনেখালি থানার ওসি বাপি হালদার।

আদালতের কড়া বার্তা, ২০৫ কলেজে ভর্তি স্থগিত

নিজস্ব সংবাদদাতা - শিক্ষার আঙিনায় পরিকাঠামোর অভাব, আর্থিক অনিয়মের অভিযোগ এবং স্বীকৃতির প্রশ্নে ফের কঠোর অবস্থান কলকাতা হাইকোর্টের। বাবাসাহেব আম্বেদকর এডুকেশন বিশ্ববিদ্যালয়ের অধীন ২০৫টি কলেজে ২০২৬-২৮ শিক্ষাবর্ষে ডিএলএড ও বিএড কোর্সে ছাত্রছাত্রী ভর্তির উপর নিষেধাজ্ঞা বহাল রাখল আদালত।

পরিকাঠামোগত ঘাটতি ও অন্যান্য সমস্যার কারণে বিশ্ববিদ্যালয় অ্যাফিলিয়েশন পুনর্নবীকরণ না করায় এই সিদ্ধান্ত। এর বিরুদ্ধে ৬০টির বেশি কলেজ আদালতের দ্বারস্থ হয়। শুক্রবার বিচারপতি অমৃতা সিনহা স্পষ্ট জানান, অ্যাফিলিয়েশন সংক্রান্ত জট না মেটা পর্যন্ত ভর্তির অনুমতি দেওয়া সম্ভব নয়।

রাজ্যের আইনজীবীর অভিযোগ, প্রয়োজনীয় পরিকাঠামো ছাড়াই কিছু কলেজে কার্যত ব্যবসা চলছে। অর্থের বিনিময়ে ডিগ্রি ও সার্টিফিকেট দেওয়ার অভিযোগও উঠেছে। এমনকী, সিকিম সরকারের চিঠিতেও এ নিয়ে উদ্বেগ প্রকাশের কথা আদালতে জানানো হয়। তবে কলেজগুলির বক্তব্য, প্রতিটি প্রতিষ্ঠানের সমস্যা আলাদা। সবকিছুকে এক নজরে বিচার করা যায় না।

আদালতের নির্দেশ, আগামী ১৫ দিনের মধ্যে কলেজগুলির বক্তব্য শুনে বিশ্ববিদ্যালয়কে সিদ্ধান্ত নিতে হবে। পরিকাঠামো নিয়ে সন্তুষ্ট হলেই মিলবে ভর্তির ছাড়পত্র। আপাতত আদালতের এই নির্দেশে উচ্চশিক্ষার দরজায় অপেক্ষার প্রহর গুনতে হবে বহু পড়ুয়াকে।

এক নজরে

(প্রথম পাতার পর)

মেকিং চার্জ ৫ শতাংশ,কেউ বা বলছে ৬ শতাংশ। কিন্তু নিচে ছোট করে লেখা থাকছে টার্মস এন্ড কন্ডিশন এপ্লাই। তাই সোনা কেনার আগে টার্মস এন্ড কন্ডিশন ভালো করে যাচাই করে তবেই কিনবেন।

● কোনও ব্যক্তিকে আটক করার ২৪ ঘন্টার মধ্যে হাজির করতে হবে আদালতে,না হলে দিতে হবে মুক্তি,জানিয়ে দিল সুপ্রিম কোর্ট।

● আধার নয়,এবার থেকে সরকারি প্রকল্পের টাকা পেতে দিতে হবে ভোটার কার্ড এবং বায়োমেট্রিক,জানালেন কেন্দ্রীয় পঞ্চায়েত মন্ত্রী রাজীব রঞ্জন সিং।

● আলু বীজ কেনার জন্য হুড়োহুড়ি চাষিদের। ট্রান্সপোর্টের গাড়ি দাঁড়ানোর সঙ্গে সঙ্গেই আলু বীজ ফাঁকা।ব্যবসায়ীদের দাম বাড়াতে হচ্ছে না,চাষিরাই বাড়িয়ে দিচ্ছেন আলু বীজের দাম,অভিযোগ।গদিতে বসে মুচকি মুচকি হাসছেন ব্যবসায়ীরা।

● জনগণনার জন্য এবার পিছিয়ে যাচ্ছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা।

● ধনেখালি ব্লকের সব এলাকায় তো এখনও পৌঁছায়নি বাড়ি বাড়ি পানীয় জল।অনেক জায়গাতেই প্রায় দু'আড়াই বছর হল বাড়ি বাড়ি জলের কানেকশন দেওয়া হয়েছে কিন্তু জল দেওয়া হয় নি।কবে পৌঁছাবে সব বাড়িতে জল ? উঠছে প্রশ্ন।

● 'শ্রী' হীন ধনেখালি ব্লকের অধিকাংশ রাস্তা। ভোট তো অনেক দিন হল মিটে গেছে, রাস্তাঘাটের 'শ্রী' ফিরবে কবে ? উঠছে প্রশ্ন।

● জুন মাসে অনলাইনে আবেদন করা সত্ত্বেও অন্নপূর্ণা যোজনার টাকা থেকে এখনও বঞ্চিত অনেক যোগ্য মহিলা,অভিযোগ।কাটছে না ফর ফারদার ভেরিফিকেশন এবং আন্ডার প্রসেসের গেরো।

● ফর ফারদার ভেরিফিকেশন থেকে আন্ডার প্রসেস,আবার ফর ফারদার ভেরিফিকেশন ! বার বার একই অবস্থা। অন্নপূর্ণা যোজনায় ভেরিফিকেশনের নামে পাঁচ মাস ধরে হচ্ছে বেশ ভালো।

● বাম আমলের অপরাধের ফাইল খোলার হুঁশিয়ারি দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● পুলিশের অনুমতি ছাড়া এখন অনেকেই যেখানে সেখানে ড্রোন উড়িয়ে ভিডিও বানিয়ে সোস্যাল মিডিয়ায় পোস্ট করছেন বলে অভিযোগ।পুলিশের অনুমতি ছাড়া যেখানে সেখানে ড্রোন ওড়ানো সম্পূর্ণ বেআইনি,আইনত দন্ডনীয় অপরাধ।

● বয়স্ক মানুষরা তো বিভিন্ন রোগে আক্রান্ত,তাদের ইনকাম না থাকলেও ওষুধ খরচ বেশি।যারা কর্মঠ তাদের মাসে তিন হাজার,আর যারা অথর্ব তাদের মাসে দেড় হাজার, এটা কতটা যুক্তিযুক্ত ? ভাতা তো সবার সমান হওয়া উচিত।বার্ধক্য ভাতার পরিমাণ তো বাড়ানো দরকার,তাই না ?

● ''কমিউনিস্টরা বই বিক্রিতে ওস্তাদ,টিকা লাগাতে গেলে মাথা সরিয়ে নেবে'', সিপিএমকে নিশানা করে তীব্র কটাক্ষ করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● শব্দদানব ডিজে বন্ধে মেমারির বিধায়ক মানব গুহের প্রচেষ্টা সত্যিই প্রশংসনীয়।হয়তো একবারে হবে না, কিন্তু আন্তরিক প্রচেষ্টা থাকলে একদিন তিনি ডিজে বন্ধে একশো শতাংশ সফল হবেন।মানুষকে নিশ্চিতভাবে তিনি পাশে পাবেন।

● কাজে লেগেছে মুখ্যমন্ত্রীর নির্দেশ। দুর্গাপুজো এবং কালীপুজোতে দু'একটি ব্যতিক্রম ছাড়া সেরকম ভাবে দেখা যায়নি ডিজের তান্ডব। ডিজে বন্ধে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বাধীন রাজ্যের ডবল ইঞ্জিন সরকারের কড়া মনোভাব সত্যিই প্রশংসনীয়।

● ভিবি-জি-রামজি প্রকল্পে ১২৫ দিনের কাজে অদক্ষ শ্রমিকদের মজুরি ৩০০ টাকা থেকে বাড়িয়ে ৪০০ টাকা করার জন্য কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠাল রাজ্য সরকার।

● রাস্তায় এখন নীল বাতি গাড়ির ছড়াছড়ি।সবাই ভিআইপি হতে চায়।যিনি যোগ্য নন তিনিও গাড়িতে নীল বাতি লাগিয়ে ঘুরছেন বলে অভিযোগ।বেআইনি নীল বাতি গাড়ির রমরমা কমাতে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করে স্পষ্ট ভাবে আবারও জানিয়ে দিক কারা নীল বাতি লাগানো গাড়ি ব্যবহার করতে পারবেন,আর কারা নীল বাতি লাগানো গাড়ি ব্যবহার করতে পারবেন না।

● চলছে ধান কাটার মরশুম।ধান কাটা মেশিন এবং ট্রাক্টরের চাকা থেকে গ্রামাঞ্চলে রাস্তায় পড়ছে কাদামাটি।ভীষণ সমস্যায় পড়ছেন পথ চলতি মানুষজন। রাস্তা থেকে কাদামাটি পরিস্কার করার দায় কার ? উঠছে প্রশ্ন।

● মেমারির গন্ডারে শব্দদানবের তান্ডব রুখে দিল পুলিশ।মেশিন সহ মাইক সেট বাজেয়াপ্ত করে থানায় নিয়ে এল পুলিশ।এলাকায় স্বস্তির নিঃশ্বাস।

This newspaper is published by Israil Mallick from Vill - Mathurapur,P.O - Shiptai,P.S - Jamalpur,Dist - Purba Bardhaman,Pin - 712308,State - West Bengal on behalf of Israil Mallick, edited by Israil Mallick and printed by Mita Dutta at Barsha offset and Printing Press, Holding no.138/A,5 No. Ichlabad,Palpara, Burdwan,Purba Bardhaman,West Bengal - 713103